

তারিখ : ০৭/০৬/২০১৭

ভর্তি বিজ্ঞপ্তি


শিক্ষামন্ত্রণালয় কর্তৃক আধিকৃত ভর্তি নীতিমালা ২০১৭ অনুযায়ী মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজে ২০১৭-১৮ শিক্ষা বর্ষে একাদশ (বিজ্ঞান ও মানবিক শাখায়) ভর্তিচ্ছু ছাত্রীদের জানানো যাচ্ছে যে, তাদের আগামী ২০/০৬/২০১৭ ও ২২/০৬/২০১৭ তারিখের মধ্যে নিম্নলিখিত প্রক্রিয়ায় ভর্তি কার্যক্রম সম্পন্ন হতে হবে।

- ভর্তি হওয়ার স্থান (বিজ্ঞান শাখা) : কক্ষ নং-১১৯ (ইংরেজি-০১)
ভর্তি হওয়ার স্থান (মানবিক শাখা) : শিক্ষক পরিষদ
- ভর্তির সময় ও তারিখ : ২০/০৬/২০১৭, ২১/০৬/২০১৭ ও ২২/০৬/২০১৭ তারিখ সকাল ১০:০০টা থেকে বেলা- ০১:০০টা পর্যন্ত।
- ভর্তি ফি : বিজ্ঞান বিভাগ- ৩২০৫/- টাকা।
মানবিক বিভাগ- ৩১০৫/- টাকা (ভূগোল সহ)
৩০১০/- টাকা (ভূগোল ব্যতীত)

ভর্তি ফরম, প্রসপেক্টাস, নবীন বরণ, ব্যাচ এবং আইডি কার্ড বাবদ ভর্তি কমিটির নিকট ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা জমা দিতে হবে।

- ভর্তি ফরম সংগ্রহ করার সময় এসএসসি এর মূল ট্রান্সক্রিপ্ট জমা দিতে হবে।
- ভর্তি ফরম ও ব্যাংকের রশিদ সংগ্রহ করে ভর্তির নির্ধারিত ফি ব্যাংকে জমা দিতে হবে। জমা দেওয়ার পর রশিদ ফটোকপি করে পূরণকৃত ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রসহ কমিটির কাছে জমা দিতে হবে। ভর্তি ফরম জমা দেওয়ার সময় ভর্তি রেজিস্টারে ছাত্রীকে অবশ্যই স্বাক্ষর করে যেতে হবে।
- ভর্তি ফরমের সংগে নিম্নবর্ণিত কাগজপত্র দিতে হবে
(ক) এস এস সি পাশের মূল নম্বরপত্র জমা দিতে হবে।
(খ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ০৪ (চার) কপি জমা দিতে হবে।
(গ) মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানদের সন্তান কোটায় আবেদনকারী সংশ্লিষ্ট মন্ত্রণালয় হতে প্রাপ্ত মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি ভর্তি ফরমের সঙ্গে জমা দিতে হবে।
(ঘ) শিক্ষা মন্ত্রণালয়, মন্ত্রণালয়ের অধস্তন দপ্তরসমূহ, স্ব-স্ব প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীর সন্তানদের জন্য সংশ্লিষ্ট কোটায় আবেদনকারীদের স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র ভর্তি ফরমের সঙ্গে দিতে হবে।

বি.প্র.- অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ/ভুল/মিথ্যা তথ্য প্রদানকৃত ভর্তি ফরম বাতিল বলে গণ্য হবে। এই বিজ্ঞপ্তির যেকোন পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


অধ্যক্ষ ০৭/০৬/১৭

মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ
ময়মনসিংহ।

ফোন : ০৯১-৬৭২৪৭